# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।
joypurhatpourashavabd.com

তারিখ- ১৮/১২/২৪

স্মারক নং- জয়পৌঃসঃ/সাধাঃ/২০২৪/১৫৯১ (৫০)

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার শহর সমন্বয় কমিটির (TLCC) সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, উক্ত কমিটির সভা ২৪/১২/২০২৪ খ্রিঃ তারিখ-রোজ- মঙ্গলবার সকাল-১০.৩০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

আপনাকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচীঃ

১। গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ।

২। নগর পরিচালন উন্নয়ন প্রকল্প (IUGIP) কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা।

৩। পৌরসভা বাস্তবায়নাধীন অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ সম্পর্কে আলোচনা ।

৪। ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সম্পর্কে আলোচনা।

৫। বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা।

৬। বিবিধ।

১৮/১২/২৪
(মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর)
প্রশাসক
ও চেয়ারপার্সন
শহর সমন্বয় কমিটি TLCC)
জয়পুরহাট পৌরসভা।
ফোন নং- ০২৫৮-৯৯১৫১৪৭

প্রাপকঃ

.......................................................

.......................................................

সদস্য, শহর সমন্বয় কমিটি (TLCC)
জয়পুরহাট পৌরসভা।

নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP)
জয়পুরহাট পৌরসভা কার্যালয়, জয়পুরহাট।

## "নগর সমন্বয় কমিটির (TLCC) ত্রৈমাসিক সভার কার্যবিবরণী
## অক্টোবর-ডিসেম্বর/২০২৪ কোয়ার্টার।

| সভার স্থান ঃ পৌর মিলনায়তন | সভার তারিখ ঃ ২৪/১২/২০২৪ খ্রিঃ | সভার সময় ঃ বেলা ১১: ০০ ঘটিকা | সভাপতি ঃ প্রশাসক, জয়পুরহাট পৌরসভা। |
|---|---|---|---|

**সভার উপস্থিতি ঃ পরিশিষ্ট –'ক' দ্রষ্টব্য**

| বিগত সভার কার্যবিবরণী পাঠন ও দৃঢ়করন | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন জয়পুরহাট পৌরসভার প্রসাশনিক কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হাশেম | গত ২৬/০৯/২০২৪ খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | কোন সংশোধনী ছাড়াই দৃঢ়করণ করা হলো । | সভায় আলোচনাক্রমে গত২৬/০৯/২০২৪খ্রিঃ তারিখের সভার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২ | নগর প্ররিচালন উন্নয়ন প্রকল্প (IUGIP) কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | মোঃ হাসানুজ্জামান, সমাজ উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা জানান, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP) এর শর্তাবলী অনুযায়ী নগর পরিচালন ব্যবস্থার উন্নয়নের জন্য ৯টি গুরুত্বপূর্ণ ক্ষেত্রের আওতায় ২৮টি কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে TLCC ও WC, স্থায়ী কমিটিসহ অন্যান্য কমিটি সভা আয়োজন চলমান রয়েছে। O&M,MMT GESIAP, PRAP, বর্জ্য সংগ্রহ ও অপসারন, ড্রেন পরিস্কার ও রক্ষণাবেক্ষন, সড়কবাতি কার্যকর রাখা এবং স্যানেটেশন ব্যবস্থাপনার জন্য রাজস্ব বাজেটে বরাদ্দ রাখা হয়েছে। বরাদ্দ অনুযায়ী প্রতিটি ক্ষেত্রের আলাদা আলাদা ত্রৈমাসিক ভিত্তিকে বার্ষিক কর্ম পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে এবং কর্ম পরিকল্পনা অনুযায়ী ব্যয় অন্তে বাস্তবায়ন কাজ চলমান। এছাড়া বকেয়া ও চলতিসহ মোট পৌরকর আদায় দাবীর কমপক্ষে ৭০% এবং পরোক্ষ কর চলতি ও বকেয়া সহ মোট দাবীর কমপক্ষে ৯০% আদায়ের প্রকল্পের যে নির্দেশনা আছে তা অর্জন করা সম্ভব হবে। আলোচনা কালে টিএলসিসি কমিটির সম্মানিত সদস্য মাশরেকুল আলম,২৮ টি কার্যক্রম এর কাজ যথাযথ ভাবে হচ্ছে কিনা জানতে চাইলে মোঃ মিজানুর রহমান, সহকারী প্রকৌঃ (সিভিল) (ভারঃ) বলেন, জয়পুরহাট পৌরসভায় ২০১৪ সাল হতে UGIIP-III প্রকল্প চলমান ছিল। পরবর্তীতে ২০২২ সাল হতে IUGIP নামে প্রকল্পটি Windows-B তে (শুধুমাত্র সংস্কার/ মেরামত কাজের জন্য বরাদ্দ পাওয়া যেতে পারে) প্রকল্পটি জয়পুরহাট পৌরসভায় অন্তর্ভূক্ত আছে। প্রকল্পের শর্তানুযায়ী পৌরসভা কার্যক্রম বাস্তবায়ন সন্তোষজনকভাবে করছেন, যা একটি চলমান প্রক্রিয়া। | ওয়ার্ড কমিটি WC সহ অন্যান্য কমিটির গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত সমূহ TLCC সভায় স্ব স্ব কমিটির সভাপতি/সদস্য সচিব উপস্থাপন করবেন এবং ২৮টি কার্যক্রমের অগ্রগতির তথ্যাদি যথাসময়ে প্রকল্প অফিসে প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হলো। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/হিসাব রক্ষণ কর্মকর্তা/ সমাজ উন্নয়ন কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩ | পৌরসভার বাস্তবায়নাধীন অন্যান্য উন্নয়ন প্রকল্পের কাজ সম্পর্কে আলোচনা | সভাপতি জয়পুরহাট পৌরসভায় বাস্তবায়নাধীন প্রকল্প বিষয়ে সভায় উপস্থাপন করতে বললে, মহোদয়ের অনুমতিক্রমে সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) সভায় জানান যে, বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ১২টি প্যাকেজের মধ্যে ১ টি প্যাকেজ পুনঃ দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। ১২টি প্যাকেজের চুক্তি মূল্য ১০,৮০,০০,০০০/- (দশ কোটি আশি লক্ষ) টাকা। উক্ত প্যাকেজের সকল কাজ চলমান রয়েছে। কোভিড-১৯ প্রকল্পের বিশেষ বরাদ্দের আওতায় ৬টি প্যাকেজের ১০টি স্কীম নির্ধারণ করে ই-জিপি পদ্ধতিতে দরপত্র দরপত্র আহবান করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য ৩,২০,০০,০০০/- (তিন কোটি কুড়ি লক্ষ) টাকা। এডিপি খাতে ২০২৪-২০২৫ অর্থ বছরের ১ম কিস্তি বরাদ প্রাপ্ত ২৯,৬২,৫০০/- (উনত্রিশ লক্ষ বাষট্টি হাজার পাঁচ শত) টাকার একটি স্কীম অনুমোদন সাপেক্ষে ই-জিপি পদ্ধতিতে দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। | বৃহত্তর পাবনা ও বগুড়া জেলার নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্পের আওতায় ১২টি প্যাকেজের প্রকল্পের মধ্যে ১১টি প্যাকেজ অনুমোদিত হয় এবং বাকী ১টি প্যাকেজের পুনঃদরপত্র আহবানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো। প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) কে নির্দেশ দেওয়া হলো। | নির্বাহী প্রকৌশলী জয়পুরহাট পৌরসভা। | |
| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
| ৪ | ডেঙ্গসহ মশাবাহিত অন্যান্য রোগ প্রতিরোধ সম্পর্কে আলোচনা। | সভাপতি মহোদয় সভায় জানান যে, ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রনে জয়পুরহাট পৌরসভা লার্ভিসাইড ও এডাল্টিসাইট ঔষধ এর মাধ্যমে মশার প্রজনন কেন্দ্র চিহ্নিতকরন স্থানে ও বিনিষ্ট করন এর পাশাপাশি জনসচেতনতা মূলক কার্যক্রম যেমন লিফলেট বিতরন, মাইকিং, সভা সমাবেশ, স্কুলের শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ কার্যক্রমের ফলে ডেঙ্গুসহ মশাবাহিত অন্যান্য রোগ নিয়ন্ত্রণ সম্ভব হয়েছে। তারপরও যদি পৌর এলাকায় ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা যায় সঙ্গে সঙ্গে সভাপতি মহোদয়কে অবহিত করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। | জয়পুরহাট পৌর এলাকার মধ্যে ডেঙ্গুসহ মশা বাহিত অন্যান্য রোগের প্রাদুর্ভাব দেখা দিলে সঙ্গে সঙ্গে প্রশাসক জয়পুরহাট পৌরসভাকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)/স্যানেটারী ইন্সপেক্টর/কন্জারভেন্সী ইন্সপেক্টর | |

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৫ | বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে অত্রাফিসের সহকারী প্রকৌশলী (সিভিল) (ভাঃ) সভায় জানান যে, সেপটিকট্যাংক বা পিট থেকে পয়বর্জ্য খালি করে এফএসটিপি এ অপসারন করা হয়। অন্যদিকে বাসাবাড়ি হাট-বাজার, রাস্তা ঘাট কঠিন বর্জ্যগুলি থ্রি ইইলার, ভ্যানগাড়ি, ঠেলাগাড়ির মাধ্যমে নিয়মিত সংগ্রহ করে সেকেন্ডারি ষ্টেশনে জমা করে সেখান থেকে ট্রাকে করে ল্যান্ডফিল্ডে অপসারন করা হয়। কড়ই কাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ময়লা আবর্জনা পচনশীল ও অপচনশীল আলাদা করে ফেলতে হবে। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ০১/১০/২০২৪ইং তারিখ হতে প্রাথমিক ভাবে ৩০০ বাড়ির ময়লা আবর্জনা নতুনহাট সেকেন্ডারী ষ্টেশনে আলাদা করে শুধুমাত্র পচনশীল ময়লাটুকু কড়ইকাদিপুর স্যানেটারী ল্যান্ডফিল্ডে ফেলা হয়। প্রকাশ থাকে যে, ময়লা আবর্জনা পৃথকীকরনের কাজটি অত্যান্ত ব্যয়বহুল, একারনে বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রমটি বে-সরকারি সংস্থা/এনজিও কে প্রদান করলে পৌরসভা আর্থিকভাবে লাভবান হবে এবং সেবার মান উন্নত হবে। | আদর্শ বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য পাইলট প্রকল্প হিসাবে ৬ নং ওয়ার্ডের সকল এলাকা এবং ৭ ও ৮ নং ওয়ার্ডের আংশিক এলাকায় বেসরকারি অংশীদারিত্বের মাধ্যমে বর্জ্য ব্যবস্থাপনা পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | নির্বাহী প্রকৌশলী/পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ) জয়পুরহাট পৌরসভা | |

**আলোচ্যসূচীঃ ৬। বিবিধ।**

১। মোজাহার আলী, পেশাজীবী সদস্য বলেন, মাছুয়া বাজার রাস্তার উপর অবৈধ ব্যবসা পরিচালনা করা দোকান গুলো উচ্ছেদ করে জনসাধারনের চলাচলের রাস্তা উন্মুক্ত করায় প্রশাসক, জয়পুরহাট পৌরসভাকে ধন্যবাদ জানান এবং পূর্ব বাজার মাড়োয়ারী পট্টি, কাপড় পট্টি ও মসজিদ রোড গলির রাস্তা দ্রুত সংস্কারের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে মোঃ মিজানুর রহমান, সহকারী প্রকৌশলী (সিভিল) (ভারঃ) জয়পুরহাট পৌরসভা বলেন, মাড়োয়ারী পট্টি, কাপড় পট্টি ও মসজিদ রোড সহ কবরস্থানের রাস্তা এবং মাদারগঞ্জ হয়ে বামনপুর চারমাথা (সগুনা) রাস্তা পর্যন্ত সংস্কারের কাজ এর টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে ঠিকাদারী প্রতিষ্ঠানকে NOA দেওয়া হয়েছে।

২। আরিফুল ইসলাম, এনজিও প্রতিনিধি বলেন, বিধবা বয়স্কসহ অনান্য ভাতার উপকারভোগী কিভাবে নির্ধারণ করা হচ্ছে, এব্যাপারে জানতে চাইলে সভায় উপস্থিত মোঃ ইমাম হাসিম উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জয়পুরহাট বলেন, ইতিমধ্যেই অনেকে অনলাইনে আবেদন করে রেখেছেন তাদের মধ্যে থেকে উপকারভোগী নির্ধারণ করা হবে।

৩। সাবেক কমান্ডার আমজাদ হোসেন বলেন, মাসুয়া বাজার রাস্তায় অবৈধ্য দোকানপাট উচ্ছেদ করে সুন্দর পরিবেশ করায় প্রশাসককে ধন্যবাদ জানান। তিনি আরো বলেন, প্রশাসক মহোদয়কে দীর্ঘদিন যাবৎ চিনি, তিনি অত্যান্ত সৎ ও অভিজ্ঞ, তার সততা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে পৌরসভার উন্নতি সাধন করা সম্ভব হবে।

৫। জাহেদা কামাল, নাগরিক সমাজ প্রতিনিধি বলেন, আমার জানামতে টিসিবি'র উপকারভোগীর তালিকা প্রস্তুতের কাজ যথাযথ স্বচ্ছতার ভিত্তিতে হচ্ছে, এতে প্রকৃত নিম্ন আয়ের পরিবারগুলো উপকৃত হবেন।

CamScanner

৩। খ, ম, আব্দুর রহমান রনি, সাংবাদিক, বলেন পৌরসভায় কর্মরত দৈনিক হাজিরা ভিত্তিক কর্মচারীদের মানবিক দিক বিবেচনা করে বাদ না দেওয়ায় প্রশাসক মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

প্রশাসক, জয়পুরহাট পৌরসভা উপস্থিত সদস্যদের আলোচনা মনোযোগ সহকারে শোনেন এবং উল্লেখিত সদস্যদের সমস্যাগুলি পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস প্রদান করেন।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৪/১২/২৪
(মোঃ মহিউদ্দিন জাহাঙ্গীর)
প্রশাসক
জয়পুরহাট পৌরসভা।
ফোন নং- ০২৫৮-৯৯১৫১৪৭

স্মারক নং- জঃপৌঃসঃ/সাধা/২০২৪/১৮০ (৫০) তারিখঃ ২৪/১২/২০২৪ খ্রিঃ

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলঃ**

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। প্রকল্প পরিচালক, নগর পরিচালন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প (IUGIP), এলজিইডি ভবন, লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৩। জনাব/বেগম..........................................................সদস্য/সদস্য-সচিব, শহর সমন্বয় কমিটি (TLCC), জয়পুরহাট পৌরসভা।
৪। অফিস নথি।

২৪/১২/২৪
(আবু জাকর মোঃ রেজা)
পৌর নির্বাহী কর্মকর্তা (ভারঃ)
জয়পুরহাট পৌরসভা।